

📃 আত-তাওবা | At-Tawba | ٱلتَّوْبَة

আয়াতঃ ৯ : ৬২

আরবি মূল আয়াত:

يَحلِفُونَ بِاللهِ لَكُم لِيُرضُوكُم وَ اللهُ وَ رَسُولُهُ آحَقُّ اَن يُّرضُوهُ إِن كَانُوا مُؤمِنِينَ ﴿٢٩﴾

তারা তোমাদের কাছে আল্লাহর কসম করে, যাতে তোমাদেরকে সম্ভুষ্ট করতে পারে, আল্লাহ ও তাঁর রাসূল অধিক হকদার যে, তারা তাকে সম্ভুষ্ট করবে, যদি তারা ঈমানদার হয়ে থাকে। — আল-বায়ান

তোমাদেরকে খুশি করার জন্য তারা তোমাদের সামনে আল্লাহর নামে কসম করে। তারা যদি মু'মিন হয়ে থাকে তবে কাউকে খুশি করতে চাইলে আল্লাহ ও তাঁর রসূলই এর সবচেয়ে বেশি হকদার। — তাইসিরুল

তারা তোমাদের কাছে আল্লাহর নামে শপথ করে যেন তারা তোমাদেরকে সম্ভুষ্ট করতে পারে। আল্লাহ ও তাঁর রাসুলকে সম্ভুষ্ট করা তাদের জন্য বেশি যরুরী, যদি তারা সত্যিকারের মু'মিন হয়ে থাকে। — মুজিবুর রহমান

They swear by Allah to you [Muslims] to satisfy you. But Allah and His Messenger are more worthy for them to satisfy, if they should be believers.

— Sahih International

৬২. তারা তোমাদেরকে সম্ভষ্ট করার জন্য তোমাদের কাছে আল্লাহর শপথ করে(১)। অথচ আল্লাহ্ ও তাঁর রাসূলই এর বেশী হকদার যে, তারা তাদেরকেই সম্ভষ্ট করবে(২), যদি তারা মুমিন হয়।

- (১) কাতাদা বলেন, মুনাফিকদের এক লোক বলেছিল যে, যদি মুহাম্মদ যা বলে তা সত্য হয় তবে তারা গাধার চেয়েও অধম। একথা শুনে মুসলিমদের এক ব্যক্তি বলল যে, আল্লাহর শপথ, মুহাম্মাদ যা বলে তা সত্য, আর তুমি গাধার চেয়েও অধম। মুসলিম লোকটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে ঘটনাটি জানাল। তিনি মুনাফিকটিকে ডেকে জিজ্ঞেস করলেন যে, এ কথাটি তুমি কেন বলেছ? সে লা'নত দিতে লাগল এবং আল্লাহর নামে শপথ করে বলল যে, সে তা বলেনি। তখন মুসলিম লোকটি বলল, হে আল্লাহ্! আপনি সত্যবাদীকে সত্যায়ন করুন আর মিথ্যাবাদীকে মিথ্যাবাদী সাব্যস্ত করুন। তখন এ আয়াত নাযিল হয়। [ইবন কাসীর]
- (২) অর্থাৎ তারা তোমাদেরকে আল্লাহর নামে শপথ করে সম্ভষ্ট করতে চায়। অথচ তাদের উচিত ঈমান এনে আল্লাহ ও তার রাসূলকে সম্ভষ্ট করবে। [মুয়াসসার] কারণ একজন মুমিনের একমাত্র উদ্দেশ্য থাকে আল্লাহ ও তাঁর রাসূলকে সম্ভষ্ট করা। মুমিন এর উপর অন্য কিছুকে প্রাধান্য দেয় না। তারা যেহেতু সেটা করছে না সেহেতু





প্রমাণিত হলো যে, তারা ঈমানদার নয়। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

(৬২) তোমাদেরকে সম্ভুষ্ট করার জন্য তারা তোমাদের কাছে আল্লাহর শপথ করে থাকে। অথচ আল্লাহ ও তাঁর রসূল হচ্ছেন বেশী হকদার (এই বিষয়ে) যে, তারা যেন তাঁকে সম্ভুষ্ট করে; যদি তারা বিশ্বাসী হয়ে থাকে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1297

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন